

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৯৯

১/ বিবিধ

আরবী

ما الميت في قبره إلا كالغريق المستغيث ينتظر دعوة تلحقه من أب أو أم أو أخ أو صديق، فإذا لحقته كانت أحب إليه من الدنيا وما فيها، وإن الله عز وجل ليدخل على أهل القبور من دعاء أهل الدور أمثال الجبال، وإن هدية الأحياء إلى الأموات الاستغفار منكر جدا

رواه الضياء في " المنتقى من حديث الأمير أبي أحمد وغيره " (1 / 268) من طريق ابن شاذان: حدثنا محمد بن الفضل العطار قال: أخبرنا محمد بن جابر بن أبي عياش المصيصي: حدثنا عبد الله بن المبارك قال: أخبرنا يعقوب بن القعقاع عن مجاهد عن ابن عباس مرفوعا. ورواه الضياء في " السنن " أيضا (2 / 86) عن الفضل بن محمد الباهلي: حدثنا محمد بن جابر به. قلت: وهذا إسناد ضعيف، علته ابن أبي عياش هذا، قال الذهبي: " لا أعرفه، وخبره منكر جدا ". ثم ساق له هذا الحديث. وقال الحافظ في " اللسان ": " أورده البيهقي في " الشعب " ونقل عن أبي علي الحافظ، أنه غريب من حديث ابن المبارك، لم يقع عند أهل خراسان، قال: ولم أكتبه إلا عن هذا الشيخ. يعني الفضل بن محمد قال البيهقي: وتابعه محمد بن خزيمة عن ابن أبي عياش، وابن أبي عياش تفرد به

বাংলা

৭৯৯। মৃত ব্যক্তি তার কবরে- ডুবে যাওয়া সাহায্য প্রার্থনাকারীর ন্যায়, সে পিতা বা মাতা বা ভাই কিংবা বন্ধুর

পক্ষ হতে তার নিকট দোআ পৌছার অপেক্ষা করে। যদি দোআটি তার নিকট পৌঁছে তাহলে তা তার নিকট দুনিয়া এবং দুনিয়াতে যা কিছু আছে তার চেয়েও বেশী পছন্দের বস্তু। আল্লাহ তা'আলা কবরবাসীদের নিকট গ্রামবাসীদের দোআ পাহাড়ের মত করে পৌঁছে দিবেন। মৃত ব্যক্তিদের জন্য জীবিত ব্যক্তিদের হাদিয়াহ হচ্ছে ক্ষমা প্রার্থনা।

হাদীছটি নিতান্তই মুনকার।

এটি যিয়া "আল-মুনতাকা মিন হাদীছিল আমীরে আবী আহমাদ ওয়া গায়রেহী" (১/২৬৮) গ্রন্থে ইবনু যাযানের সূত্রে মুহাম্মাদ ইবনুল ফায়ল আল-আত্তার হতে তিনি মুহাম্মাদ ইবনু জাবের ইবনে আবী আইয়াশ হতে তিনি আবদুল্লাহ ইবনুল মুবারাক হতে ... বর্ণনা করেছেন।

যিয়া "আস-সুনান" (২/৮৬) গ্রন্থেও ফায়ল ইবনু মুহাম্মাদ আল-বাহেলী হতে তিনি মুহাম্মাদ ইবনু জাবের হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। তার কারণ মুহাম্মাদ ইবনু জাবের ইবনে আবী আইয়াশ। তার সম্পর্কে হাফিয যাহাবী বলেনঃ আমি তাকে চিনি না। তার খবর নিতান্তই দুর্বল। অতঃপর তিনি তার এ হাদীছটি উল্লেখ করেছেন। হাফিয ইবনু হাজার "আল-লিসান" গ্রন্থে বলেনঃ হাদীছটি বাইহাকী "আশ-শু'আব" গ্রন্থে উল্লেখ করে হাদীছটি গারীব হওয়ার বিষয়টি উল্লেখ করেছেন। ইবনু আবী আইয়াশ এককভাবে বর্ণনা করেছেন।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71678>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন